



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

BANGLADESH OPEN UNIVERSITY

তথ্য ও গণসংযোগ বিভাগ

গাজীপুর-১৭০৫, ফোন-৯৯৬৬৯১১১৯

ই-মেইল : iprd@bou.ac.bd

“শিক্ষা নিয়ে গড়ব দেশ

শেখ হাসিনার বাংলাদেশ”



“বাউবির দীক্ষা : সবার জন্য উন্মুক্ত
কর্মমুখী, গণমুখী ও জীবনব্যাপী শিক্ষা”

প্রেস রিলিজ

২৫ মে ২০২৩

“ভূমিকম্প পরবর্তী উদ্ধারকাজের চেয়ে ভূমিকম্পের পূর্বেও প্রস্তুতি অত্যন্ত গুরুত্বপূর্ণ”।

বাউবি উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার

ভূমিকম্প পরবর্তী উদ্ধার কাজের চেয়ে ভূমিকম্পের পূর্বের প্রস্তুতি অত্যন্ত গুরুত্বপূর্ণ। দুর্যোগের সচেতনতা তৈরির ব্যাপারে আকর্ষণীয় মোবাইল গেমের মাধ্যমে শিশু ও তাদের বাবা-মায়াদের ভূমিকম্প সহ বিভিন্ন দুর্যোগ সম্পর্কে সচেতন ও প্রস্তুত করা সম্ভব। Gender Responsive Resilience and Intersectionality in Policy and Practice (GRRIPP) South Asia আয়োজিত রেজিলিয়েন্স টক: আর্থকুয়েক রিস্ক ইন বাংলাদেশ: এওয়ারেনেস অ্যান্ড প্রিপারেনেস নামক সেমিনারের ২৫ শে মে ২০২৩ বৃহস্পতিবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের মুজাফফর আহমেদ চৌধুরী অডিটোরিয়ামে বাউবির মাননীয় উপাচার্য বিশিষ্ট ভূমিকম্পবিদ অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার বিশিষ্ট বক্তা হিসেবে এসব কথা বলেন। তিনি ভূমিকম্পের প্রস্তুতির জন্য সচেতনতা বৃদ্ধিতে ভূমিকম্পের মহড়ার উপর গুরুত্ব আরোপ করেন। বিশিষ্ট ভূমিকম্পবিদ অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার তার দীর্ঘ অভিজ্ঞতার আলোকে ভূমিকম্প ঝুঁকি ব্যবস্থাপনার প্রায়োগিক কৌশল সমূহ ব্যাখ্যা করেন। সেমিনারে স্বাগত বক্তব্য প্রদান করেন বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য (শিক্ষা) ও GRRIPP রিজিওনাল লিড প্রফেসর ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের আইডিএমভিএস এর কো-ফাউন্ডার ড. মাহবুবা নাসরীন। তিনি তার উদ্বোধনী বক্তব্যে সেমিনারের মাহাত্ম্য এবং ভূমিকম্প সচেতনতা ও প্রস্তুতির ওপর গুরুত্ব আরোপ করেন। দুর্যোগ ঝুঁকি হ্রাস এবং সার্বজনীন আগাম সতর্কতা প্রচারের ক্ষেত্রে জেডার এর উর্ধ্বে গিয়ে সকলকে চিন্তা করার আহবান জানান তিনি।



ঢাকা বিশ্ববিদ্যালয়ের আইডিএমভিএস এর পরিচালক ড. দিলারা জাহিদ এর সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের সামাজিক বিজ্ঞান বিভাগের ডিন ড. জিয়া রহমান।

সেমিনারে সমসাময়িক ভূমিকম্প প্রবণতা নিয়ে ইনস্টিটিউট অব ডিজাস্টার ম্যানেজমেন্ট অ্যান্ড ভালনারিবিলিটি স্টাডিজ এর শিক্ষার্থীরা পাঠ্যপুস্তকের বাইরেও ভূমিকম্পের নানা বিষয় নিয়ে তাদের অনুভূতি, অভিজ্ঞতা এবং সচেতনতা জ্ঞাপন করেন। সমাপনী বক্তব্যে ডা. দিলারা জাহিদ সেমিনারের মূল বিষয়গুলি সংক্ষেপে বিবৃতি করেন। সেমিনারে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউট অব ডিজাস্টার ম্যানেজমেন্ট এন্ড ভালনারিবিলিটি স্টাডিজ বিভাগের শিক্ষক, শিক্ষার্থী এবং বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও কর্মকর্তাগণ অংশ নেন।

স্বাক্ষর

(ড. আ.ফ.ম মেজবাহ উদ্দিন)

পরিচালক (ভারপ্রাপ্ত)